# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

সূত্র নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/২০২২/২০২৫/৯৬৪ তারিখ ঃ ০৭/০৪/২০২৫

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা আগামী ১৭/০৪/২০২৫ তারিখ থেকে ১৮/০৫/২০২৫ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা গ্রহণপূর্বক নম্বরপত্র ও পরীক্ষকগণের বিল বিবরণী Online-এ এবং ম্যানুয়াল কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক
ওয়েবসাইট ঃ www.nubd.info/mf
e-mailঃ mf@nubd.info

### মৌখিক/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণের নিয়মাবলী

১। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার বহিঃপরীক্ষকের নাম কলেজ লগইন/এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট কলেজ এবং বহিঃপরীক্ষককে জানানো হবে। ম্যাসেজ না পেলে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায় যোগাযোগ করে বহিঃপীক্ষকের নাম জেনে নিতে হবে।

২। বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যেই পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৩। বহিঃপরীক্ষক অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট শাখায় ফোন নম্বরে যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম পরিবর্তন করে নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃপরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবেনা।

৪। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কলেজভিত্তিক নম্বরপত্র এবং হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/mf) থেকে ডাউন লোড করে Print নিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে বহিঃপরীক্ষক ও অন্তঃপরীক্ষক নম্বরফর্দে পরীক্ষার্থীদের নাম, রোল এবং রেজিঃ নম্বর যাচাই করে তার বিপরীতপ্রাপ্ত নম্বর প্রদান করবেন। একই সাথে হাজিরাপত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন। উল্লেখ্য মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার নম্বরপত্র অবশ্যই কালো বলপেন দিয়ে লিখতে হবে।

৫। সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ শেষে বহিঃপরীক্ষকের উপস্থিতিতে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে ডাটা এন্ট্রি করতে হবে। নম্বর অন-লাইনে Send করার পূর্বে সকল পরীক্ষার্থীর নম্বর সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে নিতে হবে।

৬। ডাটা এন্ট্রি ও অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বরপত্রের Print out নিতে হবে। মূলকপি এবং Print কপিতে বহিঃপরীক্ষক এবং অন্তঃপরীক্ষক নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। একই সাথে হাজিরাপত্রে প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে বহিঃ ও অন্তঃপরীক্ষক স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরপত্র এবং হাজিরাপত্রে অবশ্যই Absent লিখতে হবে। কোন অবস্থাতেই কোন ঘর খালি রাখা যাবেনা।

৭। Print out এর একটি কপি বহিঃপরীক্ষক নিজে সংরক্ষণ করবেন এবং এক কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন। টপসীট, নম্বরপত্রের মূলকপি এবং মূল হাজিরাপত্র নির্ধারিত খামে ভরে গালাসীল করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখা এবং এক কপি Print out পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম নম্বর, বিষয়, বিষয় কোড লিখতে হবে। হাজিরাপত্রের ০১টি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে।

৮। তালিকায় নাম নাই এমন কোন পরীক্ষার্থীর মৌখিক/ব্যবহারিক মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করা যাবেনা। যদি কোন বৈধ পরীক্ষার্থীর নাম Print out এ না থাকে তাহলে প্রয়োজনীয় কাগজ এবং প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ডাটায় নাম অন্তর্ভূক্ত করে নিতে হবে।

৯। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজ ছাড়া অন্য কলেজের পরীক্ষার্থী থাকলে পরীক্ষা গ্রহণ করে পৃথক নম্বরপত্র ও হাজিরাপত্র তৈরি করে পৃথক নামে নিয়মানুযায়ী পাঠাতে হবে। অন-লাইনে নম্বর প্রেরণের জন্য আওতাধীন কলেজের অধ্যক্ষের বরাবরে এক কপি গালাসীল করে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে অন-লাইনে তাঁর কলেজের পরীক্ষার্থীদের নম্বর প্রেরণ করবেন।

১০। ডাটা প্রেরণের ক্ষেত্রে নিজ নিজ কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে প্রেরিত মূল নম্বরপত্র (হাতে এন্ট্রি) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ দায়ী থাকবে।

১১। পরিসংখ্যান ব্যবহারিক বিষয়ের প্রশ্নপত্র বহিঃপরীক্ষকের অনুপস্থিতিতে খোলা যাবেনা এবং সে অনুযায়ী অনুশীলন করা যাবেনা।

১২। যে কোন সমস্যা হলে প্রয়োজনে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখার ফোন নং-০২৯৯৬৬৯১৫৪৭, মোবাইল নং-০১৭১৩-০৪৫১৪৯ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ই-মেইল mfnu2015@gmail.com

১৩। কলেজের মৌখিক/ব্যবহারিক/মাঠকর্মপরীক্ষা শেষ হলে ০৭ (সাত) দিনের মধ্যে নম্বরপত্রের মূলকপি ও অন-লাইনে প্রেরিত শিক্ষকগণের বিলের কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

১৪। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বহিঃপরীক্ষকের মাধ্যমে পরীক্ষার্থীর মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করলে উক্ত নম্বরপত্র গ্রহণ করা হবেনা এবং পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করা হবেনা।

<u>অন-লাইনে আন্তঃপরীক্ষক ও বহিঃপরীক্ষকগণের বিল বিবরণী প্রেরণের নিয়মাবলী (শুধুমাত্র কেন্দ্রের জন্য)</u>

- সফটওয়্যার এর মাধ্যমে Viva/practical Data Entry করার জন্য কলেজের নিজস্ব একটি ই-মেইল Address থাকতে হবে। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার বিল বিবরণীর তথ্য প্রেরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত নির্ধারিত সফট্ওয়ারে কলেজে নিবন্ধিত ই-মেইল Address ব্যবহার করে সফটওয়ারে প্রেবেশ করতে হবে। উল্লেখ্য, এখানে নতুন কোন User Name ও password প্রয়োজন নাই। অতঃপর Login করার জন্য বর্ণিত URL Web Address: 103.113.200.36/PAMS/CollegeLogin.aspx ব্যবহার করুন।
- Login করার পর মেনু অপশন থেকে Viva/practical Examiner Entry Option select করুন। তারপর Examiner এর তথ্যাবলী সংযুক্ত করতে হবে। Entry করার সময় কোন তথ্য ভুল হলে Delete পূর্বক পুনরায় সংযোজন করুন।
- Examiner এর তথ্য সন্নিবেশিত হওয়ার পর তা Confirm করতে হবে। Confirm করার পর কোন তথ্য পরিবর্তন করা যাবেনা।
- সকল তথ্য Confirm করার পর Download Viva/practical Examiner List মেনু অপশন ব্যবহার পূর্বক Download করে প্রিন্টকপি অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায় প্রেরণ করতে হবে।
- বিল সংক্রান্ত যেকোন সমস্যার জন্য অর্থ ও হিসাব শাখায় ০১৮৭২-২১৫৯১৪ নম্বরে যোগাযোগ করুন।

**বিঃদ্রঃ মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার জন্য নম্বরপত্র ও বিল প্রেরণের পর কোন প্রকার সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবেনা। ১৭/০৪/২০২৫ তারিখ থেকে ১৮/০৫/২০২৫ তারিখে মধ্যে অবশ্যই মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার অন্তঃপরীক্ষক ও বহিঃপরীক্ষকের বিল সফ্টওয়ারের মাধ্যমে প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত তারিখের পর বিল প্রেরণ করা যাবেনা।**

৭-৪-২৫
(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ০২-০২৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

সূত্র নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/২০২২/২০২৫/৯৬৪ তারিখ ঃ ০৭/০৪/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল ঃ
১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
২। জনাব মোঃ হুমায়ুন কবীর, সহকারী সিস্টেম এনালিস্ট (অর্থ ও হিসাব দপ্তর), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৩। অফিস কপি।

৭.৪.২৫
মোঃ শিবলুর রহমান
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষপর্ব শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর